

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ১৬, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
বিজ্ঞপ্তি

তারিখ, ৩ বৈশাখ ১৪১৪ বাং/১৬ এপ্রিল ২০০৭ খৃঃ

নং ৬ (মুঃপ্রঃ)।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ৩ বৈশাখ ১৪১৪ বাং মোতাবেক ১৬ এপ্রিল ২০০৭ খৃঃ তারিখে প্রণীত নিম্নে উল্লেখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হল।

অধ্যাদেশ নং ৬, ২০০৭

জরুরী ক্ষমতা অধ্যাদেশ, ২০০৭ এর সংশোধনের লক্ষ্যে প্রণীত

অধ্যাদেশ

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে জরুরী ক্ষমতা অধ্যাদেশ, ২০০৭ (২০০৭ সনের ১নং অধ্যাদেশ) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু সংসদ ভাঙ্গিয়া গিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৯৩(১) এ প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারী করিলেন :

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—এই অধ্যাদেশ জরুরী ক্ষমতা (সংশোধন) অধ্যাদেশ, ২০০৭ নামে অভিহিত হইবে।

(৫৫০১)

মূল্য : টাকা ২.০০

(২) এই অধ্যাদেশ ২৯ পৌষ, ১৪১৩ মোতাবেক ১২ জানুয়ারি, ২০০৭ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। ২০০৭ সনের ১নং অধ্যাদেশের প্রস্তাবনার সংশোধন।—জরুরী ক্ষমতা অধ্যাদেশ, ২০০৭ (২০০৭ সনের ১নং অধ্যাদেশ), অতঃপর উক্ত অধ্যাদেশ বলিয়া উল্লিখিত, এর প্রস্তাবনার তৃতীয় দফার “এখন অধিবেশনে নাই” শব্দগুলির পরিবর্তে “ভাঙ্গিয়া গিয়াছে” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৩। ২০০৭ সনের ১নং অধ্যাদেশের ধারা ৩ এর সংশোধন।—উক্ত অধ্যাদেশের ধারা ৩ এর—

(অ) উপ-ধারা (১) এর “অর্থনৈতিক জীবন অক্ষুন্ন রাখার প্রয়োজনে” শব্দগুলির পরিবর্তে “অর্থনৈতিক জীবন সমুন্নত রাখা বা জাতীয় জীবনে বিভিন্ন স্তরে দুর্নীতি ও দুর্নীতিমূলক কার্যের দমন, প্রতিকার এবং তৎসংশ্লিষ্ট অন্য কোন প্রয়োজনে” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(আ) উপ-ধারা (৩) এর পর নিম্নরূপ উপ-ধারা (৩ক) সন্নিবেশিত হইবে, যথাঃ—

“(৩ক) এই ধারার অধীন প্রণীত বিধি দ্বারা জরুরী-অবস্থা ঘোষণার কার্যকরতা: কালে যে কোন আইনের অধীন সংঘটিত অপরাধের অনুসন্ধান, তদন্ত, বিচার, আপীল বা তৎসংশ্লিষ্ট অন্য কোন বিষয় দ্রুত ও কার্যকরভাবে সম্পন্ন করিবার জন্য বিশেষ বিধান প্রণয়ন করা যাইবে।”।

প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহমেদ

রাষ্ট্রপতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ।

তারিখ : ৩-১-১৪১৪ বাং
১৬-৪-২০০৭ ইং

মোঃ ইসরাইল হোসেন

যুগ্ম-সচিব।